

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(জুডিসিয়াল মুপিখানা শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৬১০০.০১০.০৬.০২৪.২০-১০৭

তারিখ:

০১ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
১৪ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণঘাতী করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ ঝুঁকি মোকাবেলায় “করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি, ময়মনসিংহ” এর সভার সিদ্ধান্ত ও সিভিল সার্জন, ময়মনসিংহ- এর সুপারিশক্রমে সকলের সাথে আলোচনাক্রমে এবং “সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮” এর ১১(১), ১১(২) ও ১১(৩) ধারা মোতাবেক ময়মনসিংহ জেলাকে অবরুদ্ধ ঘোষণা করা হলো। এ জেলায় জনসাধারণের প্রবেশ ও প্রস্থান নিষিদ্ধ করা হলো। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সড়ক ও নৌ পথে অন্য কোন জেলা হতে কেউ এ জেলায় প্রবেশ করতে বা এ জেলা হতে অন্য কোন জেলায় গমন করতে পারবেন না। জেলার অভ্যন্তরে আন্তঃউপজেলা যাতায়াতের ক্ষেত্রেও একইরূপ নিষেধাজ্ঞা বলবৎ হবে।

- ২। সকল ধরনের গণপরিবহন, জনসমাগম পূর্বের ন্যায় বন্ধ থাকবে। তবে জরুরি পরিসেবা যেমন চিকিৎসা, খাদ্যদ্রব্য সরবরাহ ও সংগ্রহ ইত্যাদি এর আওতা বর্হিত্ব থাকবে।
- ৩। জনসাধারণের সামাজিক দূরত্ব নিশ্চিতকরণে ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বলবৎ থাকবে।
- ৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ১৪/০৪/২০২০ তারিখ বিকাল ০৫:০০ টা হতে কার্যকর হবে। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে। এই আদেশ অমান্য করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ মিজানুর রহমান)

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

ময়মনসিংহ

ও

সভাপতি

করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত

জেলা কমিটি, ময়মনসিংহ।

ফোন: ০৯১-৬৫৭৭৭ (অফিস)

০৯১-৬৫৭৮৮ (বাসা)

E-mail: dcmymensingh@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৬১০০.০১০.০৬.০২৪.২০-১০৭

তারিখ:

০১ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
১৪ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৭। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
- ৮। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ৯। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
- ১১। সিনিয়র তথ্য অফিসার, ময়মনসিংহ।
- ১২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ (জেলা তথ্য বাতায়নের আপলোডের অনুরোধসহ)
- ১৩। সাধারণ সম্পাদক, ময়মনসিংহ প্রেসক্রাব।

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

ময়মনসিংহ।